গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল

## এলজিইডি’র ইনোভেশন টিম-এর মার্চ মাসের সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জসিম উদ্দিন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ০৭ মার্চ ২০২৩ |
| সভার সময় | দুপুর ০২:৩০ ঘটিকা। |
| স্থান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) এর কার্যালয়, লেভেল-৬, এলজিইডি ভবন, এলজিইডি। |
| উপস্থিতি | সংযুক্তি-১ |

এলজিইডি’র ইনোভেশন টিম-এর মার্চ মাসের সভা বিগত ০৭/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জনাব মোঃ জসিম উদ্দিন। সভার শুরুতে এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার স্বাগত বক্তব্য প্রদান করেন। ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ মাহবুব আলম সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করেন। ইনোভেশন টিম-এর অন্যান্য সদস্যগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

**এজেন্ডা – ০১: এলজিইডি’র ইনোভেশন টিম-এর ডিসেম্বর মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে জানান যে, ইনোভেশন টিম-এর বিগত ডিসেম্বর ২০২২ মাসের সভায় এগারো (১১) টি সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী কতখানি কাজ বাস্তবায়ন করা হয়েছে এই ব্যাপারে গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল তাদের উপস্থাপনা প্রদান করবে। ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বিগত ইনোভেশন টিমের সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০১ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ আবু রায়হান বলেন যে, বিগত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে যেসকল জেলা এখনো ইনোভেশন টিম গঠন করেনি, সেসব জেলাগুলোতে ইনোভেশন টিম গঠন করার জন্য SMS প্রেরণ করা হয়। এর মধ্যে ৪১ টি জেলা ইনোভেশন টিম গঠন ও ওয়েবসাইটে আপলোড করেছে, ০৩ টি জেলা ইনোভেশন টিম গঠন করেছে কিন্তু ওয়েবসাইটে আপলোড করেনি এবং ২০ টি জেলা ইনোভেশন টিম গঠন করেনি। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, যেসকল জেলা এখনো ইনোভেশন টিম গঠন করেনি, সেসব জেলাগুলোতে প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একটি কারণ-দর্শানো নোটিশ দেওয়ার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে। নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, যেসব জেলাতে ইনোভেশন টিম গঠন করা হয়েছে তাদের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে সদর দপ্তরের ইনোভেশন টিমকে অবহিত করার জন্য একটি পত্র দেয়া যেতে পারে। এছাড়াও তিনি আরো প্রস্তাব করেন যে, সদর দপ্তরের ইউনিটসমূহকে এলজিইডির ইনোভেশন কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতে হবে যাতে করে ইনোভেশন কার্যক্রম শুধুমাত্র আইসিটি নির্ভর না হয়ে এলজিইডির সকল সেক্টরে সমান গুরুত্ব পায় এবং এলজিইডির সেবাসমূহ আরো উন্নত ও বেগবান হয়। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০২ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বিগত ২৯ জানুয়ারী ২০২৩ তারিখে প্রধান প্রকৌশলী মহোদয় ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সংশোধিত অ্যাকশান প্ল্যান অনুমোদন প্রদান করেন।

২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত সংশোধিত অ্যাকশান প্ল্যানটি প্রধান প্রকৌশলী মহোদয়ের থেকে দ্রুততম সময়ে অনুমোদন করার ব্যাপারে উদ্যোগ গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে,বর্তমানে ইনোভেশন টিম সংশোধিত অ্যাকশান প্ল্যানে গৃহীত লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ করবে। এই ব্যাপারে ইনোভেশনটিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০৩ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, বিগত ১০ জানুয়ারী ২০২৩ তারিখে ২০২২-২৩ অর্থবছরের জন্য ০২ (দুই) টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নিমিত্ত বাজেট বরাদ্দের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) বরাবর প্রেরণ করা হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য মূল বাজেটের ইনোভেশন কোডে কোন অর্থ বরাদ্দ নেই এবং সংশোধিত বাজেটেও ইনোভেশন কোডে কোন অর্থ বরাদ্দের সুযোগ নেই। বর্তমানে উক্ত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য অন্য কোডের অর্থ ব্যবহার করা যেতে পারে। সিনিয়র সহকারী প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন শাখা) জনাব সোহানা পারভীন বলেন যে, ইনোভেশন কোডে অর্থ বরাদ্দ না থাকলেও অন্য কোডের অর্থ দিয়ে ইনোভেশন কাজ সম্পন্ন করা যেতে পারে।

সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) জনাব রকিবুল হাসান বলেন যে, এলজিইডির অভ্যন্তরীণ ওয়েব-প্রোগ্রামারদের সহায়তায় Integrated E-Meeting Schedule Software এর একটি পাইলট ওয়েবপেজ তৈরি করা হয়েছে। এই ওয়েবপেজের মাধ্যমে প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তর থেকে প্রতিদিনের Scheduling এর কাজটি খুব সহজে তৈরি করা যাবে। এই Software এর সাথে PMIS Software এর ইন্ট্রিগেশন করা হয়েছে। ফলে Scheduling তৈরি করার সময়ে মিটিং এ যারা উপস্থিত থাকবে তাদের নাম, পদবী ছাড়া অন্য কোন কিছুই আর নতুন করে খুঁজে বের করতে হবে না এবং Scheduling টি তৈরি করা হলে মিটিং এ যারা উপস্থিত থাকবে তাদের সবার কাছে ইমেইল এর মাধ্যমে নোটিফিকেশন চলে যাবে। বর্তমানে ল্যাপটপ/ডেস্কটপ ভিত্তিক ওয়েবপেজে তৈরি করা হয়েছে। তবে মোবাইল অ্যাপস ভিত্তিক E-Meeting Schedule ইন্টারফেস তৈরি করতে হলে অভ্যন্তরীণ ওয়েব-প্রোগ্রামারদের দ্বারা সম্ভব নয়, সেক্ষেত্রে বাইরে থেকে ওয়েব-প্রোগ্রামার আনতে হবে অথবা আউট সোর্সিং করতে হবে। আউট সোর্সিংয়ের মাধ্যমে মোবাইল অ্যাপস ভিত্তিক E-Meeting Schedule ইন্টারফেস তৈরি করতে প্রায় ৮ লক্ষ টাকার প্রয়োজন হবে। তাই বর্তমান ২০২২-২৩ অর্থবছরের উক্ত কাজটি বাস্তবায়ন করা একটু কঠিন কাজ।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, WeCARE প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকল্পে কর্মরত LCS শ্রমিকদের পারিশ্রমিক প্রদানের জন্য একটি মোবাইল এ্যাপ্লিকেশন তৈরি করেছেন যার মাধ্যমে নিয়মিত LCS শ্রমিকদের পারিশ্রমিক প্রদান করা হয়। তবে WeCARE প্রকল্পটি বিশ্বব্যাংকের অর্থায়নে পরিচালিত। তাই বিশ্বব্যাংকের অর্থায়নে পরিচালিত ইনোভেশন কার্যক্রমটি এলজিইডির মূলধারার কার্যক্রমে নিয়ে আসাটা একটু কঠিন কাজ হবে।

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, এলজিইডি ও আরডিইসি ভবনে অবস্থিত ইউনিট/প্রকল্প অফিসের নাম ও ঠিকানা ডিসপ্লে করার জন্য ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ড বা Android TV স্থাপন করা যেতে পারে। Android TV তে ফ্লোর/তলা ভিত্তিক কনটেন্ট তৈরি করে নাম ও ঠিকানা ডিসপ্লে করা যাবে। আইসিটি ইউনিটের সাথে আলোচনা করে জানা গেছে যে, ইলেক্ট্রনিক বোর্ডে বা Android TV তে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করার জন্য ফ্লোর/তলা তৈরি করে ব্লক ভিত্তিক কনটেন্ট তৈরি করে নামগুলো ডিসপ্লে করা যাবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য এলজিইডির

মূল ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ড বা Android TV তে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করার জন্য "Information Display Board স্থাপন করা" উদ্ভাবনী ধারণাটি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন হিসেবে চূড়ান্ত করা হলো। উদ্ভাবনী ধারণাটির কার্যক্রম সম্পর্কে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) এর সাথে আলোচনা করে অতিসত্বর বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০৪ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য বিগত ২৬ জানুয়ারী ২০২৩ তারিখে মাননীয় প্রধান প্রকৌশলী কর্তৃক এলজিইডির ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এর মাধ্যমে এলজিইডির ২০২২-২৩ অর্থবছরের ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার একটি টার্গেট অর্জিত হয়েছে।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০৫ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ২০১৯ সালে ই-নথি সিস্টেম বাস্তবায়নের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য মোট সাত (০৭) টি কার্যক্রম চিহ্নিত করে তৎকালীন প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একটি পত্র প্রেরণ করা হয়েছিল। তবে বর্তমানে খুব অল্প সংখ্যক কর্মকর্তা ই-নথি সিস্টেম ব্যবহার করছে। ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পুনরায় বর্তমান প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে বিগত ১০-১১-২০২২ তারিখে এলজিইডি'র প্রত্যেক কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় উপস্থিত এলজিইডির সিস্টেম এনালিস্ট জনাব প্রশান্ত কুমার কবিরাজ জানান যে, এতবার করে চিঠি দেয়ার পরেও ই-নথির ব্যবহার আশানরুপ বৃদ্ধি পায়নি।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, বর্তমানে ই-নথি সম্পর্কিত অধিক্ষেত্র অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) কে প্রদান করা হয়েছে। তাই ই-নথি সিস্টেমের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার বিষয়টি তাকে অবহিত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০৬ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বিগত ১৪ ফেব্রুয়ারী ২০২৩ এবং ২৮ ফেব্রুয়ারী ২০২৩ তারিখে বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ (জিডিপি-৩) প্রকল্পের অর্থায়নে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ০২ (দুই) টি কর্মশালা আয়োজন করা হয়েছে। বর্তমানে আরো ০২ (দুই) টি কর্মশালা আয়োজনের জন্য অর্থ সংস্থানের প্রক্রিয়া চলমান রয়েছে।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বাকী ০২ (দুই) টি কর্মশালা আয়োজনের জন্য PEDP-4 অথবা SupRB প্রকল্প থেকে অর্থ সংস্থানের ব্যাপারে আলোচনা করা হয়েছে। উভয় প্রকল্পই ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ০২ (দুই) টি কর্মশালা আয়োজন করার ব্যাপারে আগ্রহী।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালার বাকী ০২ (দুই) টি ব্যাচ আয়োজনের জন্য PEDP-4 অথবা SupRB প্রকল্প থেকে অর্থ সংস্থানের বিষয়টি নিশ্চিতকরণ পূর্বক অতিসত্বর কর্মশালা আয়োজনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০৭ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) জানান যে, আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে থাকে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য আইসিটি ইউনিটকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও যেন আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে সে ব্যাপারে সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি) কে অনুরোধ জানান।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০৮ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বিগত ১২-১৩ ফেব্রুয়ারী ২০২৩ এবং ২৬-২৭ ফেব্রুয়ারী ২০২৩ তারিখে বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ (জিডিপি-৩) প্রকল্পের অর্থায়নে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। বর্তমানে আরো ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজনের জন্য অর্থ সংস্থানের প্রক্রিয়া চলমান রয়েছে।

ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বাকী ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজনের জন্য PEDP-4 অথবা SupRB প্রকল্প থেকে অর্থ সংস্থানের ব্যাপারে আলোচনা করা হয়েছে। উভয় প্রকল্পই প্রশিক্ষণদ্বয় আয়োজন করার ব্যাপারে আগ্রহী।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত বাকী ০২ (দুই) টি ব্যাচ আয়োজনের জন্য PEDP-4 অথবা SupRB প্রকল্প থেকে অর্থ সংস্থানের বিষয়টি নিশ্চিতকরণ পূর্বক অতিসত্বর প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ০৯ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, বিগত ১০ জানুয়ারী ২০২৩ তারিখে ২০২২-২৩ অর্থবছরের জন্য ০২ (দুই) টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য খসড়া প্রাক্কলন প্রস্তুত করে অর্থ বরাদ্দের একটি নোট তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) বরাবর প্রেরণ করা হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য মূল বাজেটের ইনোভেশন কোডে কোন অর্থ বরাদ্দ নেই এবং সংশোধিত বাজেটেও ইনোভেশন কোডে কোন অর্থ বরাদ্দের সুযোগ নেই।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে ইনোভেশন কোডে কোন অর্থ বরাদ্দের কোন সুযোগ না থাকলেও আগামী ২০২৩-২৪ অর্থবছরে ইনোভেশন কোডে বাজেট বরাদ্দের জন্য প্রশাসন ইউনিটকে অনুরোধ করা হয়েছে। এ ব্যাপারে একটি পত্রও প্রেরণ করা যেতে পারে।

এছাড়া ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ২০২৩-২৪ অর্থবছর থেকে এলজিইডির রাজস্ব বাজেটের অর্থায়নে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণ এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের জন্য প্রশিক্ষণ ইউনিটকে অনুরোধ করা হয়েছে। এ ব্যাপারে একটি পত্রও প্রেরণ করা যেতে পারে। ইনোভেশন টিমের সকল সদস্য ০২ (দুই) টি প্রস্তাবে একমত পোষণ করেন।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ১০ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বিগত ০৯ জানুয়ারী ২০২৩ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং বিগত ২৬ জানুয়ারী ২০২৩ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এর মাধ্যমে এলজিইডির ২০২২-২৩ অর্থবছরের ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার একটি টার্গেট অর্জিত হয়েছে।

**ডিসেম্বর মাসের সভায় গৃহীত ১১ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা:**

এলজিইডির সিস্টেম এনালিস্ট জানান যে, বর্তমানে প্রকল্প পরিচালক (জিডিপি-৩) কর্তৃক প্রণীত Office Management Software এর সার্ভারটি এখন আর চলমান নেই। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, বর্তমানে উক্ত Software টি চলমান না থাকলেও এলজিইডির সকল Software গুলো নিয়ে UNOPS ও আইসিটি ইউনিট কর্তৃক যৌথভাবে পরিচালিত এসেসমেন্ট এ বর্ণিত Software এর কার্যক্রমটি এসেস করা হবে।

| ক্রম নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ০১। | যেসকল জেলা এখনো ইনোভেশন টিম গঠন করেনি, সেসব জেলাগুলোতে প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে একটি কারণ-দর্শানো নোটিশ দেওয়ার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া যেসকল জেলাতে ইনোভেশন টিম গঠন করা হয়েছে, সেসব জেলাতে ইনোভেশন কার্যক্রম সম্পর্কে সদর দপ্তরের ইনোভেশন টিমকে অবহিত করার জন্য একটি পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০২। | ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত সংশোধিত অ্যাকশান প্ল্যান অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০৩। | ২০২২-২৩ অর্থবছরের জন্য এলজিইডির মূল ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ড বা Android TV তে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করার জন্য "Information Display Board স্থাপন করা" উদ্ভাবনী ধারণাটি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন হিসেবে চূড়ান্ত করা হলো। উদ্ভাবনী ধারণাটির কার্যক্রম সম্পর্কে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) এর সহিত আলোচনা করে অতিসত্বর বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০৪। | ই-নথি সিস্টেমের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার বিষয়টি অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) কে অবহিত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০৫। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালার বাকী ০২ (দুই) টি ব্যাচ আয়োজনের জন্য PEDP-4 অথবা SupRB প্রকল্প থেকে অর্থ সংস্থানের বিষয়টি নিশ্চিতকরণপূর্বক অতিসত্বর কর্মশালা আয়োজনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০৬। | এলজিইডির আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | আইসিটি ইউনিট |
| ০৭। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত বাকী ০২ (দুই) টি প্রশিক্ষণ ব্যাচ আয়োজনের জন্য PEDP-4 অথবা SupRB প্রকল্প থেকে অর্থ সংস্থানের বিষয়টি নিশ্চিতকরণপূর্বক অতিসত্বর প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব, ইনোভেশন টিম |
| ০৮। | আগামী ২০২৩-২৪ অর্থবছরে ইনোভেশন কোডে বাজেট বরাদ্দের জন্য প্রশাসন ইউনিট বরাবর পত্র প্রেরণ করতে হবে। ২০২৩-২৪ অর্থবছর থেকে এলজিইডির রাজস্ব বাজেটের অর্থায়নে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণ এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের জন্য প্রশিক্ষণ ইউনিট বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব, ইনোভেশন টিম |

মোঃ জসিম উদ্দিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)
ও ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.৯

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)

২) পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল

অধিদপ্তর (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)

৩) এলজিইডি ইনোভেশন টিম (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)

৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)

মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম